

ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লি:  
স্টেশন রোড শাখা, চট্টগ্রাম।

অর্থস্বর্ণ আদালত আইন ২০০৩ এর ১২ ধারা মোতাবেক বন্ধকী সম্পত্তি নিলাম বিক্রয়ের দরপত্র বিজ্ঞপ্তি।

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাইতেছে যে, জনাব মুহাম্মদ মহিউদ্দীন, পিতা - মৃত হাজী আব্দুল সাত্তার, মাতা হাজী বিবি মরিয়ম, প্রো: মেসার্স মহিউদ্দিন সাত্তার ট্রেডিং ব্যবসায়িক ঠিকানা - ৫২, কাতালগঞ্জ রোড, পাটলাইশ, চট্টগ্রাম, বর্তমান ঠিকানা - খাজা রোড, শমসের সুফীর বাড়ী, ডাকঘর : চান্দগাঁও-৪২১২, চান্দগাঁও চট্টগ্রাম সিটি কর্পোরেশন, চট্টগ্রাম কর্তৃক ইউসিবি স্টেশন রোড শাখা, চট্টগ্রাম হইতে গৃহীত ঋণের জামানত হিসাবে নিম্ন তফসিলভুক্ত সম্পত্তিসমূহ ও তদুপরিস্থিত স্থাপনাদি রেজিস্ট্রিকৃত বন্ধকী দলিলমূলে ব্যাংকের নিকট বন্ধক রাখা আছে এবং রেজিস্ট্রিকৃত আম-মোক্তার দলিলমূলে আদালতের আদেশ ছাড়াই উহা বিক্রয়ের ক্ষমতা ব্যাংককে প্রদান করা আছে। ঋণগ্রহীতা মঞ্জুরীপত্রের শর্তমোতাবেক ঋণ পরিশোধ না করায় বিগত ৩০.০৯.২০১৭ ইং তারিখ পর্যন্ত ব্যাংকের পাওনা মোট ৩,৯৭,৭৮,২৩৯.৬০ (তিন কোটি সাতানব্বই লক্ষ আটাত্তর হাজার দুই শত উনচল্লিশ টাকা ষাট পঁয়সা) টাকা সহ অন্যান্য আনুসঙ্গিক খরচ ও আদায়কালতক সুদ আদায়ের নিমিত্ত নিম্ন তফসিলভুক্ত সম্পত্তি সমূহ ও তদুপরিস্থিত স্থাপনাদি যেখানে যে অবস্থায় আছে সেই অবস্থায় নিলামে বিক্রয়ের জন্য অগ্রহী ক্রেতাদের নিকট হইতে নিম্নবর্ণিত শর্তাদিতে সাদা কাগজে /প্যাডে স্থায়ী ঠিকানা সহ পূর্নাঙ্গ ঠিকানা উল্লেখ পূর্বক সীলমোহরকৃত দরপত্র আহবান করা যাইতেছে।

বন্ধকী সম্পত্তির তফসিল

১। জেলা - চট্টগ্রাম, থানা - চান্দগাঁও, মৌজা - পূর্ব ষোল শহর, জে এল ১৪, আর এস খতিয়ান নং ২২, ৮২৮, ১২১, পি এস খতিয়ান ৩০১, ৮২, বি এস খতিয়ান - ৮৬৩, ৩৫১, বি এস নামজারী খতিয়ান নং ২৩৬৭, আর এস দাগ নং ২৫২০, ২৫২৫, ২৫২৬, বি এস এস দাগ নং ২৮০৭, ২৮০৮, ২৮০৯, বি এস নামজারী দাগ নং ২৮০৭, পি এস দাগ নং - ২৮২৫, ২৮২৭, ২৮২৮ সম্পত্তির পরিমাণ ৮.০০ ডেসিমেল জমি সহ ২য় তলা ইমারত।

২। জেলা - চট্টগ্রাম, থানা - চান্দগাঁও, মৌজা - পূর্ব ষোল শহর, জে এল ১৪, আর এস খতিয়ান নং ২২, ৭৭, ১২১, ৮২৮, আর এস দাগ নং ২৫২০, ২৫২৫, ২৫২৬, ২৫২৩, ২৫২৪, পি এস খতিয়ান ৮৪, ৭৬৩, পি এস দাগ নং - ২৮২৫, ২৮২৮, ২৮২৪, ২৯৩১ বি এস খতিয়ান - ৮৬৩, ৩১৫, ১০৮, ৪৬৬, বি এস এস দাগ নং ২৮০৭, ২৮০৯, ২৭৪৯, ২৮০৫ বি এস নামজারী খতিয়ান নং ১৮২৯, বি এস নামজারী দাগ নং ২৮০৫, ২৮০৭, ২৮০৯ সম্পত্তির পরিমাণ ১০.০০ ডেসিমেল জমি জমি ভূমি সহ নির্মানাধীন স্থাপনাদি।

নিলামের শর্তাবলী

১। আগামী ১৩.১১.২০১৭ তারিখ বিকাল ৩.৩০ ঘটিকার মধ্যে ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লি: স্টেশন রোড শাখা, চট্টগ্রাম এ রক্ষিত বাক্ সরাসরি অথবা রেজিস্ট্রিকৃত ডাকযোগে দরপত্র জমা দিতে হইবে এবং ঐ দিনই ৪.০০ ঘটিকার সময় দরপত্র দাতাদের সামনে (যদি কেহ উপস্থিত থাকেন) দরপত্র খোলা হইবে।

২। প্রত্যেক দরপত্র দাতাকে উদ্ধৃত দর অনূর্ধ্ব ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা হইলে উহার ২০%, উদ্ধৃত দর ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক এবং অনূর্ধ্ব ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকা হইলে উহার ১৫% এবং উদ্ধৃত দর ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক হইলে উহার ১০% এর সমপরিমাণ টাকার ব্যাংক ড্রাফট বা পে - অর্ডার জামানত স্বরূপ ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লি:, স্টেশন রোড শাখা, চট্টগ্রাম এর অনুকূলে দরপত্রের সহিত দাখিল করিতে হইবে।

৩। অনূর্ধ্ব ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকার উদ্ধৃত দর গৃহীত হইবার পরবর্তী ৩০ (ত্রিশ) দিবসের মধ্যে, ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক এবং অনূর্ধ্ব ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকা উদ্ধৃত দর গৃহীত হইবার পরবর্তী ৬০ (ষাট) দিবসের মধ্যে এবং ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকার অধিক উদ্ধৃত দর গৃহীত হইবার পরবর্তী ৯০ (নব্বই) দিবসের মধ্যে দরদাতাকে সমুদয় মূল্য পরিশোধ করিতে হইবে তাহা করিতে ব্যর্থ হইলে জামানতের টাকা বাজেয়াপ্ত হইবে। প্রথম সর্বোচ্চ দরপত্রদাতার জামানত বাজেয়াপ্ত হইলে ব্যাংক কর্তৃপক্ষ দ্বিতীয় সর্বোচ্চ দরপত্রদাতাকে সম্পত্তি ক্রয়ে আহবান করিতে পারিবেন।

- ৪। দরদাতাগণ তফসিলভুক্ত এক বা একাধিক ক্রমিকের সম্পত্তি জন্য দরপত্র দাখিল করিতে পারিবেন, তবে একই ক্রমিকের সম্পত্তির আংশিক এর জন্য দরপত্র গ্রহণযোগ্য হইবে না।
- ৫। দাখিলকৃত দরপত্রে সম্পত্তির প্রস্তাবকৃত মূল্য অস্বাভাবিকভাবে অপরিাপ্ত বা কম প্রতীয়মান হইলে নিম্নস্বাক্ষরকারী উক্ত দর প্রস্তাব অগ্রাহ্য করিতে পারিবেন।
- ৬। ব্যাংক কর্তৃপক্ষ সফল দরদাতার অনুকূলে নিলামকৃত সম্পত্তি রেজিষ্ট্রি দলিলমূলে হস্তান্তর করিবেন। তবে দলিল রেজিষ্ট্রি সংক্রান্ত যাবতীয় খরচ যেমন -রেজিষ্ট্রেশন ফি, ষ্ট্যাম্প ডিউটি,বিবিধ ব্যয়সহ অন্যান্য প্রযোজ্য শুল্ক প্রভৃতি এবং উহার উপর কোন সরকারী, আধা সরকারী, স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানের যথা চট্টগ্রাম উন্নয়ন কর্তৃপক্ষ,সিটি কর্পোরেশন / পৌরসভা ,ওয়াসা,পি.ডি.বি/পল্লীবিদ্যুৎ,গ্যাস সরবরাহকারী প্রতিষ্ঠান,ভূমিকর ইত্যাদি সহ যে কোন পাওনাদারের পাওনা বা দাবী থাকিলে তাহা সফল দরদাতাকেই বহন করিতে হইবে।
- ৭। দরপত্র জমা দেওয়ার পর বিক্রয় প্রস্তাবিত সম্পত্তির আকার,প্রকার,অবস্থান,স্বত্ব,স্বত্বের দলিল ইত্যাদি সম্পর্কে কোন প্রকার আপত্তি গ্রহণযোগ্য হইবে না।
- ৮। দরপত্রের মাধ্যমে নিলামে অংশগ্রহণে ইচ্ছুক ব্যক্তিগণ বিস্তারিত তথ্য অবগত হইবার জন্য নিম্নস্বাক্ষরকারীর অফিসে যোগাযোগ করিতে পারিবেন।
- ৯। ব্যাংক কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকেই যে কোন দরপত্র গ্রহণ বা সকল দরপত্র বাতিল করিবার ক্ষমতা সংরক্ষন করিবেন।

ব্যাবস্থাপক, ইউসিবি, স্টেশন রোড শাখা,চট্টগ্রাম।